



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
আইন ও বোর্ড শাখা
বনশিল্প ভবন, ৭৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.bfidc.gov.bd

রাবার কাঠ শক্ত, টেকসই ও
উন্নতমানের। আপনিও রাবার
কাঠের আসবাবপত্র ব্যবহার
করুন।

নম্বর: ২২.০৩.০০০০.০০০.১০৭.০৪.০০০৪.২৪.৯

তারিখ: ২৯ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১৩ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি।

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন ও ইহার নিয়ন্ত্রাধীন শিল্প ইউনিট/জোন/বাগানসমূহের পক্ষে-বিপক্ষে বিভিন্ন আদালতে দায়েরকৃত মোকদ্দমাসমূহ পরিচালনার নিমিত্তে “প্যানেল আইনজীবী” নিয়োগের জন্য নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন বিজ্ঞ আইনজীবীদের নিকট হতে (ইতঃপূর্বে যারা নিয়োজিত আছেন বা ছিলেন তারা ব্যতীত) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

- (ক) আইনজীবী হিসেবে ন্যূনতম ১০(দশ) বছর পূর্ণ হতে হবে;
(খ) বিজ্ঞ আইনজীবী চাকুরী সংক্রান্ত, শ্রম আইন, অর্থ ঋন আইন, কোম্পানী আইন, চুক্তি আইন, সিভিল আইনে অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।

২। শর্তাবলী:

আবেদনকারী আইনজীবী কর্তৃক নিম্নোক্ত কাগজপত্রসহ আগামী ২৫/০১/২০২৬ তারিখের মধ্যে সচিব, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, ৭৩, মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন জমা দিতে হবে;

- (ক) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;
(খ) বিএফআইডিসি'র স্বার্থ আছে এমন কোন মামলায় অত্র প্রতিষ্ঠানের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না;
(গ) বিএফআইডিসি'র স্বার্থ রক্ষার্থে তাঁদের উপর ন্যাস্ত দায়িত্ব যথাযথভাবে পালনে ব্যর্থ হলে ১ মাসের নোটিশ প্রদান করে তাদেরকে দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করতে পারবেন;
(ঘ) আবেদনকারী আইনজীবীগণ কোন কারণে তাদের দায়িত্ব পালনে অপারগ হলে কমপক্ষে ০৩ (তিন) মাস পূর্বে বিএফআইডিসি কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে;
(ঙ) নিয়োগপ্রাপ্ত প্যানেল আইনজীবীদের মামলা পরিচালনার জন্য সরকার নির্ধারিত সকল প্রকার ভ্যাট ও ট্যাক্স কর্তনপূর্বক বিএফআইডিসি'র প্রচলিত ও নির্ধারিত ফি মোতাবেক প্রদান করা হবে;
(চ) বাংলাদেশ সুপ্রিমকোর্ট বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত সনদপত্র, সংশ্লিষ্ট বার এসোসিয়েশনের সদস্যপদের সনদপত্র, মহামান্য হাইকোর্ট বিভাগে আপিল বিভাগ, মামলা পরিচালনার সনদপত্র এবং ট্রেড লাইসেন্স ও আয়কর প্রদানের সত্যায়িত অনুলিপি দরখাস্তের সাথে দাখিল করতে হবে;
(ছ) খামের উপর “প্যানেল আইনজীবী নিয়োগের জন্য আবেদন” উল্লেখ করতে হবে;
(জ) আবেদনকারী আইনজীবীর পৃথক জীবন বৃত্তান্ত/ছবি/শিক্ষাগত যোগ্যতার সনদপত্র দিতে হবে;
(ঝ) ঢাকার সুবিধাজনক স্থানে আবেদনকারীর নিজস্ব চেম্বার থাকতে হবে;
(ঞ) প্রয়োজন মতে বিএফআইডিসি কর্তৃপক্ষকে সংশ্লিষ্ট আইন বা মামলার অগ্রগতি সম্পর্কে যথাসময়ে অবহিত করতে হবে;
(ট) প্রস্তাবিত নিয়োগ ০২ (দুই) বছরের জন্য কার্যকর থাকবে। তবে ০২ (দুই) বছর পর সন্তোষজনক পারফরমেন্স এর উপর ভিত্তি করে পুন নিয়োগ অথবা ০২ (দুই) বছরের পূর্বেই কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বাতিলের ক্ষমতা কর্পোরেশন সংরক্ষণ করে; সেক্ষেত্রে মামলা সংক্রান্ত সমুদয় ডকুমেন্ট নথিসহ কর্পোরেশনকে বুঝিয়ে দিতে হবে;
(ঠ) নিয়োজিত প্যানেল আইনজীবীকে সদাসর্বদা বিশ্বস্থতার সাথে বিএফআইডিসি'র স্বার্থ সংরক্ষণ নিশ্চিত করতে হবে এবং কোন মামলা অন্যের নিকট হস্তান্তর করা যাবে না বা অন্য কাহাকেও মামলা পরিচালনার দায়িত্ব প্রদান করা যাবে না। প্রয়োজনে সিনিয়র এ্যাডভোকেট বা সরকারী কৌশলীদ্বারা মোকদ্দমা শুনানী করা যাবে
(ড) আইনজীবী নিয়োগের বিষয়ে কর্পোরেশন যে কোন আবেদন বাতিল /গ্রহণে সর্বক্ষমতা সংরক্ষণ করে;
(ঢ) কর্পোরেশনের ২০২৫ সনে অনুমোদিত রেইটচার্ট অনুযায়ী মোকদ্দমা পরিচালনার ফি পরিশোধ করা হবে;

৩। বিজ্ঞপ্তিটি বিএফআইডিসি'র www.bfidc.gov.bd-সহ এ সংস্থার সকল জোন/ইউনিট/বাগানের ওয়েবসাইটে পাওয়া যাবে।

Natida

১৩-০১-২০২৬

নাহিদা বারিক

সচিব

০২২২৩৩৮২১১৯

secretary@bfdc.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), জনসংযোগ শাখা, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (দৈনিক আমার দেশ এবং The Financial Express পত্রিকায় ১ দিন প্রকাশের অনুরোধসহ)।
- ২। সহকারী প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন।

